শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.২৪৩.২১.৬৯ তারিখ :২৭/০১/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ পাঠ্যপুস্তকের তথ্য সংশোধনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছে পৌছানোর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

সূত্রঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর পত্রের স্মারক নং- ৩৭.০৬.০০০০.৩১০.০৬.১১৭.২১.১৪৮ তারিখ : ১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত কয়েকটি পাঠ্যপুস্তকের তথ্যে ভুল পরিলক্ষিত হয়। উক্ত ভুলসমূহের সংশোধনী (সংযুক্ত) এনসিটিবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পাঠ্যপুস্তকের ভুলসমূহের সংশোধনী তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করতঃ সকল শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক-২ (দুই) ফর্দ।

২৭.০১.২০২৩
(মোঃ সালাহউদ্দিন আহাম্মদ)
যুগ্ম সচিব
ও
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১। অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
২। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট
বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.২৪৩.২১.৬৯(৬) তারিখ :২৭/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

১। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (সকল বিভাগ)।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। মহাপরিচালক এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি।

২৭/০১/২০২৩
(মহিউদ্দিন আহাম্মদ)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

CamScanner

২০২৩ শিক্ষাবর্ষে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত নিম্নলিখিত পাঠ্যপুস্তকে যেসব ভুল পরিলক্ষিত হয়েছে তার সংশোধন করা হলো, যা শিক্ষকগণ পাঠ পরিচালনার সময়ে শিক্ষার্থীর পাঠ্যপুস্তকে পরিমার্জনের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে এনসিটিবি'র ওয়েবসাইট থেকে ভুলসমূহ সংশোধন করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, শ্রেণি: নবম-দশম

ক্রমিক	পৃষ্ঠা	পাঠ্যপুস্তকে যা আছে	পাঠ্যপুস্তকে যা হবে
০১	১৮১	১৯৭১ সালের ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর বাংলাদেশ জুড়ে পাকিস্তান সামরিক বাহিনী নির্যাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে ওঠে।	১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর বাংলাদেশ জুড়ে পাকিস্তান সামরিক বাহিনী নির্যাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে ওঠে।
০২	২০০	১২ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েমের কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন।	১২ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরীর কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন।
০৩	২০২	সংবিধান প্রণয়ন ১৯৭২ এর পটভূমি অংশের প্রথম অনুচ্ছেদের পরে যুক্ত হবে...	সংবিধান প্রণয়ন ১৯৭২ এর পটভূমি অংশের প্রথম অনুচ্ছেদের পর যুক্ত হবে... 'সংবিধান প্রণয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শিক অবস্থান প্রতিফলিত হয়েছিল। সংবিধান প্রণয়নের ক্ষেত্রে বঙ্গবন্ধুর সার্বক্ষণিক দিক-নির্দেশনা ছিল। তিনি সংবিধান কমিটিকে বিভিন্ন মৌলিক বিষয়ে প্রত্যক্ষ নির্দেশনা দিয়েছিলেন'।
০৪	২০৩	পঞ্চমভাগে জাতীয় সংসদ	ষষ্ঠ লাইনে 'পঞ্চমভাগে আইনসভা'।

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়, শ্রেণি: নবম-দশম

ক্রমিক	পৃষ্ঠা	পাঠ্যপুস্তকে যা আছে	পাঠ্যপুস্তকে যা হবে
০১	০৬	৫৪ সালের নির্বাচনে ৪টি দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়। দল চারটি হলো–আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দল।	৫৪ সালের নির্বাচনে ৫টি দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়। দল পাঁচটি হলো– আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম, গণতন্ত্রী দল ও পাকিস্তান খেলাফতে রব্বানী পার্টি।
০২	১৬	ঢাকার রাজারবাগ পুলিশ ক্যাম্প ও পিলখানা ইপিআর ক্যাম্প	রাজারবাগ পুলিশ লাইন্স ও পিলখানা ইপিআর সদর দপ্তর
০৩	২৮	সাধারণ মানুষের মৌলিক অধিকার সংরক্ষণ এ সংবিধানের প্রধান বৈশিষ্ট্য।	সাধারণ মানুষের মৌলিক মানবাধিকার সংরক্ষণ এ সংবিধানের বৈশিষ্ট্য।

বিষয়: পৌরনীতি ও নাগরিকতা, শ্রেণি: নবম-দশম

ক্রমিক	পৃষ্ঠা	পাঠ্যপুস্তকে যা আছে	পাঠ্যপুস্তকে যা হবে
০১	৫৭	'রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ' এর ১ ক্রমিক এর অনুচ্ছেদে প্রতিস্থাপিত হবে...	'রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ' এর ১ ক্রমিক এর অনুচ্ছেদে প্রতিস্থাপিত হবে... 'রাষ্ট্রপতি রাষ্ট্রের প্রধান। সরকারের সকল শাসনসংক্রান্ত কাজ তাঁর নামে পরিচালিত হয়। তিনি প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত তাঁর সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ পরিচালনা করেন। তিনি মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদের নিয়োগ করেন। রাষ্ট্রের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের (মহা হিসাবরক্ষক, রাষ্ট্রদূত ও অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তা) নিয়োগের দায়িত্বও রাষ্ট্রপতির। প্রতিরক্ষা কর্ম বিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত। তিন বাহিনীর (সেনা, বিমান ও নৌবাহিনী) প্রধানদের তিনিই নিয়োগ দেন।
০২	৫৯	'প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ'-১ ক্রমিকের অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে...	'প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ'-১ ক্রমিকের অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে... 'প্রধানমন্ত্রী মন্ত্রিপরিষদের প্রধান। প্রধানমন্ত্রীর কর্তৃত্বে সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রয়োগ করা হয়। তিনি মন্ত্রিসভার সদস্যসংখ্যা নির্ধারণ করেন ও মন্ত্রীদের মধ্যে দপ্তর বণ্টন করেন। তিনি যেকোনো মন্ত্রীকে তাঁর পদ থেকে অপসারণের পরামর্শ দিতে পারেন'।

১৮.০১.২০২৩

(অধ্যাপক ড. সন্তোষ কুমার ঢালী)
প্রধান সম্পাদক
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

CamScanner